

## যবিপ্রতির দ্বিতীয় সমাবর্তনে আসছেন রাষ্ট্রপতি

■ যশোর অফিস

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে আসছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। আগামী ২৬ নভেম্বর অনুষ্ঠিত সমাবর্তন অনুষ্ঠানে ৬০৪ জন ডিগ্রিধারীকে সনদ প্রদান করা হবে। এর মধ্যে ১৬ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে। সোমবার বিকেলে যশোর প্রেসক্লাব মিলনায়তনে সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপাচার্য প্রফেসর ড. আবদুস সাত্তার জানান, দ্বিতীয় সমাবর্তনে স্নাতকের ৫৪০ জন এবং স্নাতকোত্তর পর্যায়ের ৬৪ জনসহ মোট ৬০৪ জনকে সনদ প্রদান করা হবে। এদের মধ্যে অনুষদের প্রথম স্থান অধিকারী ৫ জনকে চ্যাম্পেন্সের স্বর্ণপদক, বিভাগের প্রথম স্থান অধিকারী ৫ জনকে ডাইস চ্যাম্পেন্সের স্বর্ণপদক ও সিজিপিএ ৪ পয়েন্টের মধ্যে ৩ দশমিক ৫০ এর বেশি পয়েন্ট প্রাপ্ত ৬ জনকে ডিন পদক প্রদান করা হবে।